গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৬/১১৮ তারিখ: ১১ আষাঢ়, ১৪২৫ বঃ / ২৫ জুন, ২০১৮খ্রিঃ

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-০৬/২০১৮**

**বিষয়: UPS (Capacity of 3000 VA) নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র: Base Technologies Limited এর ১১/০৪/২০১৮ খ্রিঃ তারিখের আবেদন, যা এ দপ্তরে গৃহীত হয় ১৭/০৪/২০১৮ খ্রিঃ।

Base Technologies Limited, UPS (Capacity of 3000 VA), Model: Potevio 3KL specialized UPS নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারির পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারির নাম | Base Technologies Limited |
| আবেদনকারির ঠিকানা | Hosna Center (5th Floor), 106, Gulshan Avenue, Dhaka-1212. |
| টেলিফোন নম্বর | 01711594876 |
| ই-মেইল | ahmad.munir@base-technologies.net |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিতনাম | UPS (Capacity of 3000VA) |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Disassembled, Solid |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | China |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | 8504.40.90 |
| রপ্তানিকারক বা সরবরাহকারি প্রতিষ্ঠানের নাম/ঠিকানা | প্রযোজ্য নয়। |

২। **আবেদনকারির ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:**

আমদানিকারক Base Technologies Limited কর্তৃক দাখিলকৃত তথ্য অনুসারে, আমদানিতব্য পণ্য, UPS মূলত ৩ টি অংশের সমন্বয়ে গঠিত, যা নিম্নরূপ:

(i) Control unit,
(ii) Energy module unit &
(iii) Cabinet.

প্রোডাক্টস এর নিরাপত্তা ও পরিবহনের সুবিধার্থে উক্ত UPS আলাদা আলাদা অংশে বিভাজন করে আমদানি করা হবে। মূলত ৩ টি অংশের সমন্বয়ে UPS টি operational/functional হবে মর্মে বলা হয়েছে।

৩। **বর্ণিত পণ্যের শ্রেণিবিন্যাস ও এর পক্ষে যুক্তিসমূহ:**

**(ক)** কোন একটি আমদানিয়/রপ্তানিয় পণ্যের সঠিক শ্রেণিবিন্যাস নির্ণয়ের জন্য উক্ত পণ্যের সবিস্তার বিবরণ, ক্যাটালগ/ব্রুশিওর, লিটারেচার (প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি পর্যালোচনার পাশাপাশি World Customs Organization (WCO) এর General Rules for the Interpretation of the Harmonized System (GIR) ও Explanatory Notes এবং বিবেচ্য পণ্য সংশ্লিষ্ট Section Notes ও Chapter Notes পর্যালোচনা করা আবশ্যক। বর্ণিত UPS (Capacity of 3000 VA) এর শ্রেণিবিন্যাস নির্ধারণে উক্তরূপ এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালা পর্যালোচনা করা হয়েছে।





Fig 1: UPS





Fig. 2: Control unit, Energy module unit and Cabinet

পর্যালোচনায় দেখা যায় যে, Explanatory Notes (Volume-5) এর চ্যাপ্টার ৮৫ এর হেডিং ৮৫০৪ এর 'Electrical Static Converters'-এ বলা হয়েছে, ''The apparatus of this group are used to convert electrical energy in order to adapt it for further use. They incorporate converting elements (e.g., valves) of different types. They may also incorporate various auxiliary devices.'' এছাড়া আরো বলা হয়েছে, Electrical static converters may be divided into the following principal categories according to the type of converting element with which they are equipped: (1) Semiconductor converters based on the one-way conductivity between certain crystals. Such converters consist of a semiconductor as the converting element and various other devices (e.g., coolers, tape conductors, drives, regulators, **control circuits**).

আমদানিতব্য পণ্যের ক্যাটালগ পর্যালোচনায় দেখা যায়, তাতে কন্ট্রোল ইউনিট এর যে technical specification দেওয়া হয়েছে তা Explanatory Notes এ বর্ণিত Electrical static converters এর সাথে সামঞ্জস্যপূর্ণ। অর্থাৎ, আমদানিতব্য পণ্যের কন্ট্রোল ইউনিট Electrical static converters হিসেবে হেডিং ৮৫০৪ এর সাব-হেডিং ৮৫০৪.৪০ এর আওতায় শুল্কায়নযোগ্য। এক্ষেত্রে, ব্যাক-আপ সাপোর্ট হিসেবে আমদানিতব্য পণ্য এনার্জি মডিউল ইউনিট এবং ক্যাবিনেট Electrical static converters হিসেবে শুল্কায়নযোগ্য নয়।

**(খ) এইচ.এস. শ্রেণিবিন্যাস নীতিমালার আলোকে পর্যালোচনাঃ**

বাংলাদেশ কাস্টমস ট্যারিফ (যা সাধারণতঃ কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ফার্স্ট শিডিউল নামে পরিচিত) অনুসারে UPS নামক পণ্যটি চ্যাপ্টার ৮৫, হেডিং ৮৫০৪ এর সাব-হেডিং ৮৫০৪.৪০ (Static Converters) এর আওতায় শুল্কায়নযোগ্য।

অপরদিকে, storage batteries বিসিটি-এর চ্যাপ্টার ৮৫ এর হেডিং ৮৫০৭ এর আওতায় শুল্কায়নযোগ্য।

ওয়েবসাইট পর্যালোচনায় দেখা যায়, তাতে UPS সম্পর্কে বলা হয়েছে, A UPS is an electrical apparatus that provides emergency power to a load when the input power source or mains power fails. A UPS differs from an auxiliary or emergency power system or standby generator in that it provides immediate protection from input power interruptions by supplying energy stored in batteries,

supercapacitors or flywheels. **The on-battery runtime of most UPS is relatively short but sufficient to start a standby power source or properly shut down the protected equipment.** উল্লেখ্য যে, আমদানিতব্য UPS-এর ৩ টি অংশের মধ্যে কন্ট্রোল ইউনিট এর technical specification পর্যালোচনায় দেখা যায়, তা উপরে বর্ণিত সংজ্ঞানুসারে UPS হিসেবে কার্যক্ষমতাসম্পন্ন। এক্ষেত্রে ব্যাক-আপ সাপোর্ট হিসেবে আমদানিতব্য পণ্য এনার্জি মডিউল ইউনিট তথা ব্যাটারিসমূহ শুধুমাত্র এর কার্যক্ষমতা বৃদ্ধির জন্য সংযোজন করা হবে। এমতাবস্থায়, তা Electrical static converters হিসেবে একইসাথে শুল্কায়নযোগ্য নয়। বরং তা এর সুনির্দিষ্ট হেডিং ৮৫০৭ এর আওতায় শুল্কায়নযোগ্য।

**(গ)** পর্যালোচনায় দেখা যায়, আলোচ্য সরবরাহকে unassembled or disassembled components এর set হিসেবে বিবেচনার সুযোগ নেই। কেননা, ওয়েবসাইট পর্যালোচনায় দেখা যায়, energy module, Model: UIFP 48V (Lithium battery) ও ক্যাবিনেট এক ধরণের পৃথক সত্ত্বা বা complete unit যা একক ও স্বাধীনভাবে কাজ করতে সক্ষম এবং UPS ছাড়াও multi-purpose function-এ এদেরকে ব্যবহার করা যায়। তাছাড়া, পৃথক goods হিসেবে এদের separate commercial value রয়েছে। অর্থাৎ GIR Rules 2(a) এর আলোকে উক্ত পণ্য শ্রেণিবিন্যাসযোগ্য নয়।

অপরদিকে, Explanatory Notes (Volume-4) এর Section XVI এর Section Note এর 4-এ বলা হয়েছে, (পৃষ্টা নং XVI-2)

''Where a machine (including a combination of machines) consists of individual components (whether separate or interconnected by piping, by transmission devices, by electric cables or by other devices) intended to contribute together to a clearly defined function covered by one of the headings in Chapter 84 or Chapter 85, then the whole falls to be classified in the heading appropriate to that function.''

এছাড়া Explanatory Notes (Volume-4) এর Section XVI এর (VI) Multi-function machines and composite machines এ বলা আছে, (পৃষ্টা নং XVI-6)-''Assemblies of machines should not be taken to be fitted together to form a whole unless the machines are designed to be permanently attached either to each other or to a common base, frame, housing, etc. This excludes assemblies which are of a temporary nature or are not normally built as a composite machine.''

Explanatory Notes এর উপর্যুক্ত ব্যাখ্যাসমূহ বিবেচনায় নিয়েও দেখা যায়, আলোচ্য সরবরাহটিকে কোনভাবে composite machine বলার সুযোগ নেই। কেননা, সম্ভাব্য assembled condition টি temporary nature এর। অর্থাৎ GIR Rules 3(a) এবং 3(b) এর আলোকেও উক্ত পণ্য শ্রেণিবিন্যাসযোগ্য নয়। সার্বিক দিক বিবেচনায়, আলোচ্য পণ্যটির ৩টি অংশ পৃথকভাবে GIR Rule 1 এর 'terms of the heading' এর আলোকে পৃথক পৃথক ভাবে শ্রেণিবিন্যাসযোগ্য।

৪। **অগ্রিম রুলিং:**

Base Technologies Limited কর্তৃক আমদানিয় UPS (Capacity of 3000 VA) নামক পণ্যটি Bangladesh Customs Tariff, General Interpretative Rules (GIR) এবং Explanatory Notes এর

ব্যাখ্যানুযায়ী এর পৃথক পৃথক অংশ ভিন্ন ভিন্ন এইচ.এস.কোডে শ্রেণিবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৫। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:**

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৬। **আবেদনকারির জন্য গুরুত্বপূর্ণ তথ্য:**

(ক) Base Technologies Limited এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তদকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে Base Technologies Limited রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবর লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-
(২৫-০৬-২০১৮ খ্রিঃ)
(মোঃ ফিরোজ শাহ্ আলম)
সদস্য (শুল্ক নীতি ও আইসিটি)
ও সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

**কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি/ মোংলা/ পানগাঁও।**

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০১.১৬/

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৫ বঃ
২৫ জুন, ২০১৮খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন করা, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।
২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
২৬। General Manager, Base Technologies, Hosna Center, (5th Floor) 106, Gulshan Avenue, Dhaka.
২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
২৮। অফিস কপি/ গার্ড নথি।

25/06/18

(মোহাম্মদ তফছির উদ্দিন ভূঁঞা)
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ও দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ই-মেইল: nbrclassification@gmail.com